# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৫৩৯ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৫৪০]

পর্ব-১৮: ভয়কালীন সালাত (كتاب صلاة الخوف)

আরবী

أَخْبَرَنِي كَثِيرُ بْنُ عُبَيْدٍ، عَنْ بَقِيَّةَ، عَنْ شُعَيْبٍ، قال: حَدَّثَنِي الزُّهْرِيُّ، قال: حَدَّثَنِي سَالِمُ بْنُ عَبْدِ اللَّهِ، عَنْ أَبِيهِ، قال: غَزَوْتُ مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قِبَلَ نَجْدٍ فَوَازَيْنَا الْعَدُوَّ وَصَافَفْنَاهُمْ فَقَامَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُصَلِّي بِنَا، فَقَامَتْ طَائِفَةٌ مِنَّا مَعَهُ وَأَقْبَلَ طَائِفَةٌ عَلَى الْعَدُوِّ فَرَكَعَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَمَنْ مَعَهُ رَكْعَةً وَسَجَدَ سَجْدَتَيْنِ، ثُمَّ انْصَرَفُوا فَكَانُوا مَكَانَ أُولَئِكَ الَّذِينَ لَمْ يُصَلُّوا، وَجَاءَتِ الطَّائِفَةُ الَّتِي لَمْ تُصَلِّ فَرَكَعَ بِهِمْ رَكْعَةً وَسَجْدَتَيْنِ، ثُمَّ سَلَّمَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، فَقَامَ كُلُّ رَجُلٍ مِنَ الْمُسْلِمِينَ فَرَكَعَ لِنَفْسِهِ رَكْعَةً وَسَجْدَتَيْنِ .

تخريج دارالدعوه: صحيح البخارى/ صلاة الخوف ١ (٩٤٢)، المغازي ٣٢ (٤١٣٢)، (تحفة الأشراف: ٦٨٤٢)، مسند احمد ٢/١٥٠، سنن الدارمى/الصلاة ١٨٥ (١٥٦٢) (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1540 ـ صحيح

বাংলা

১৫৩৯. কাসীর ইবনু ‘উবায়দ (রহ.) ..... ‘সালিম ইবনু আবদুল্লাহ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি নাজদের দিকে রসূলুল্লাহ (সা.) -এর সাথে এক জিহাদে গিয়েছিলাম। যখন আমরা শত্রুর মুখোমুখি হলাম এবং তাদের সামনে কাতারবন্দী হয়ে দাঁড়িয়ে গেলাম তখন রসূলুল্লাহ (সা.) আমাদের নিয়ে সালাতে দাঁড়িয়ে গেলেন। তার সঙ্গে আমাদের একদলও দাঁড়িয়ে গেল এবং অন্য দল শত্রুর সম্মুখে চলে গেল। তখন রসূলুল্লাহ (সা.) এবং তার সঙ্গে যারা ছিল তারা একটি রুকূ এবং দু’টি সাজদাহ করল। অতঃপর এরা চলে গেল তাদের স্থানে যারা সালাত আদায় করেনি। আর ঐ গ্রুপ আসলো যারা সালাত আদায় করেন। তখন তিনি তাদের নিয়ে একটি রুকূ এবং দুটি সাজদাহ্ করলেন। অতঃপর রসূলুল্লাহ (সা.) সালাম ফিরালেন। তখন প্রত্যেক মুসলিম দাড়িয়ে গেল এবং

নিজেদের রুকূ ও দু'টি সাজদাহ্ আদায় করে নিল।

## English

Salim bin 'Abdullah narrated that his father said: I went out on a campaign with the Messenger of Allah (ﷺ) toward Najd. We confronted the enemy and formed ranks facing them. The Messenger of Allah (ﷺ) stood up and led us in prayer. Some of us stood with him and some of us faced the enemy. The Messenger of Allah (ﷺ) bowed and those who were with him bowed, and prostrated twice. Then they moved away and took the place of the others, and the other group who had not prayed came and he led them in bowing once and prostrating twice. Then the Messenger of Allah (ﷺ) said the salam and each of the Muslims stood up and bowed once, and prostrated twice individually.

ফুটনোট

সহীহঃ বুখারী ৯৪২, দারিমী ১৫২১।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ সালিম ইবনু ‘আবদুল্লাহ্ (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90035

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন